[redacted]

[redacted]

[redacted] [redacted] [redacted] [

মধ্যে তাঁকে নোটিশের জবাব দিতে বলা হয়েছে।

তিনি বলেন, “কোনো সেকমো বা চিকিৎসকই এ ধরনের অ্যান্টিবায়োটিক লিখতে পারেন না।”

এ বিষয়ে মেহেরপুরের সিভিল সার্জন বলেন, যেহেতু ডা. রায়হান কবিরকে কারণ দর্শানোর নোটিশ দেওয়া হয়েছে, তাই তাঁর জবাব পাওয়ার পর পরবর্তী ব্যবস্থা গ্রহণ করা হবে।

মেহেরপুরে অসহায় ও দরিদ্রদের মাঝে খাদ্যসামগ্রী বিতরণ

মুজিবনগর সামাজিক উন্নয়ন সংস্থা’র উদ্যোগে অসহায় ও দরিদ্র পরিবারের মাঝে খাদ্যসামগ্রী বিতরণ করা হয়েছে।

সংস্থার সভাপতি মো. শফিকুল ইসলাম কান্তের নির্দেশনায় সদর উপজেলার আমদহ ইউনিয়নের বামনপাড়া গ্রামে বিভিন্ন এলাকার অসহায় ও দরিদ্র পরিবারের মাঝে এ খাদ্যসামগ্রী বিতরণ করা হয়।

আজ রোববার (৩০ আগস্ট) বিকেলে বামনপাড়া গ্রামে এ মানবিক সহায়তা কার্যক্রম পরিচালনা করা হয়। সামাজিক দায়বদ্ধতা থেকে অস্বচ্ছল মানুষের কষ্ট লাঘব করতে এ উদ্যোগ নেওয়া হয়েছে।

সংস্থার নির্বাহী কর্মকর্তারা ও স্থানীয় গণ্যমান্য ব্যক্তিরা উপস্থিত থেকে দরিদ্র মানুষের হাতে চাল, ডাল, তেল, আটা ও লবণের মতো নিত্যপ্রয়োজনীয় খাদ্যসামগ্রী তুলে দেন।

এ সময় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মুজিবনগর সামাজিক উন্নয়ন সংস্থা, মেহেরপুরের সাধারণ সম্পাদক মো. রাজু হোসেন। তিনি বলেন, “সমাজের পিছিয়ে পড়া মানুষের পাশে দাঁড়ানো আমাদের সবার নৈতিক দায়িত্ব। ভবিষ্যতে সমাজের বিত্তবানরা এগিয়ে এলে এ ধরনের সহায়তা কার্যক্রম আরও বড় পরিসরে পরিচালনা করা সম্ভব হবে।”

খাদ্যসামগ্রী পেয়ে স্থানীয় দুস্থ ও অসহায় মানুষেরা আনন্দ প্রকাশ

করেন।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশিষ্ট সমাজসেবক ও মুজিবনগর সামাজিক উন্নয়ন সংস্থার সদস্য মো. জাহারুল ইসলাম।
এ ছাড়া উপস্থিত ছিলেন সংস্থার নির্বাহী সদস্য কুলসুম খাতুন, সদস্য শেখ জাহিমাসহ অন্যান্য সদস্য।

গাংনীতে সাংবাদিকদের ওপর হামলা: মূল দুই অভিযুক্ত শিক্ষক আটক

মেহেরপুরের গাংনী উপজেলার কাজিপুর ডিগ্রি কলেজে দায়িত্ব পালনকালে দুই সাংবাদিককে মারধর, আটকে রাখা এবং সংবাদ সংগ্রাহর সরঞ্জাম ছিনিয়ে নেওয়ার অভিযোগের মামলায় মূল দুই অভিযুক্ত শিক্ষককে আটক করেছে পুলিশ।

রোববার (৩০ আগস্ট) দুপুরে মেহেরপুর শহরের কোর্ট রোডের নিমতলা এলাকা থেকে তাদের আটক করা হয়। গাংনী থানা পুলিশ ও মেহেরপুর ডিবি পুলিশের একটি যৌথ দল অভিযান চালিয়ে তাদের আটক করে।

আটকরা হলেন কাজিপুর ডিগ্রি কলেজের শিক্ষক মনিরুজ্জামান বিপ্লব ও রফিকুজ্জামান বাবর আলী। তারা এ মামলার এজাহারভুক্ত আসামি।

এর আগে শনিবার (২৯ আগস্ট) তেঁতুলবাড়িয়া এলাকা থেকে খায়রুজ্জামান ওরফে আকামত নামে মামলার এক অজ্ঞাতনামা আসামিকে আটক করে পুলিশ। এ নিয়ে সাংবাদিকদের ওপর হামলার ঘটনায় এখন পর্যন্ত তিনজনকে আটক করা হলো।

মামলার এজাহার ও সাংবাদিকদের অভিযোগ অনুযায়ী, শুক্রবার (২৮ আগস্ট) বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের অধীনে ডিগ্রি প্রথম বর্ষের ইংরেজি প্রথম পত্রের পরীক্ষা চলাকালে পরীক্ষার্থীদের বই খুলে পরীক্ষা দেওয়ার দৃশ্য ধারণ করতে যান নাগরিক টেলিভিশনের মেহেরপুর জেলা প্রতিনিধি রাব্বি ও দৈনিক খবরের কাগজের মেহেরপুর

জেলা প্রতিনিধি তারিক।

এ সময় তাদের ওপর হামলা ও মারধরের অভিযোগ ওঠে। পরে তাদের দুটি মোবাইল ফোন ও নাগরিক টেলিভিশনের বুম মাইক্রোফোন ছিনিয়ে নিয়ে একটি কক্ষে আটকে রাখার অভিযোগ করা হয়।

হামলায় আহত দুই সাংবাদিককে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নেওয়া হয়। সেখানে প্রাথমিক চিকিৎসা শেষে তারা গাংনী থানায় গিয়ে মামলা করেন।

এ ঘটনায় দুই শিক্ষকসহ অজ্ঞাতনামা আরও ৮-১০ জনের বিরুদ্ধে গাংনী থানায় মামলা হয়। মামলার নম্বর ৪৬/২৬। এতে দণ্ডবিধির ৩২৩, ৩৭৯, ১১৪ ও ৫০৬ ধারায় অভিযোগ আনা হয়েছে।

মামলার পর থেকেই জড়িতদের শনাক্ত ও আটকে অভিযান শুরু করে পুলিশ। এরই ধারাবাহিকতায় প্রথমে মামলার অজ্ঞাতনামা এক আসামিকে এবং পরে মূল দুই অভিযুক্ত শিক্ষককে আটক করা হলো।

গাংনী থানা পুলিশ জানিয়েছে, মামলার বাকি আসামিদের শনাক্ত ও আটকের জন্য অভিযান অব্যাহত রয়েছে। তদন্তে ঘটনার সঙ্গে কার কী ধরনের সম্পৃক্ততা ছিল, তা খতিয়ে দেখা হচ্ছে।

এদিকে দুই সাংবাদিকের ওপর হামলার ঘটনায় মেহেরপুরের সাংবাদিকদের মধ্যে ক্ষোভের সৃষ্টি হয়েছে। তারা ঘটনার সঙ্গে জড়িত প্রত্যেককে আইনের আওতায় এনে সুষ্ঠু তদন্ত ও বিচার নিশ্চিত করার দাবি জানিয়েছেন।

যাদুখালী স্কুল অ্যান্ড কলেজের নতুন অ্যাডহক কমিটিকে সংবর্ধনা

মেহেরপুরের পিরোজপুরে যাদুখালী স্কুল অ্যান্ড কলেজের গভর্নিং বডি/অ্যাডহক কমিটির সংবর্ধনা এবং অভিভাবক-শিক্ষার্থী সমাবেশ অনুষ্ঠিত হয়েছে।

রোববার সকাল ১১টায় যাদুখালী স্কুল অ্যান্ড কলেজের হলরুমে এ অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন প্রতিষ্ঠানের অধ্যক্ষ মোস্তফা সাঈদ কামাল।

অনুষ্ঠানে উপস্থিত ছিলেন নবনিযুক্ত সভাপতি মিন্টু আলী, পিরোজপুর ইউনিয়ন বিএনপির সভাপতি আতিয়ার রহমান বিশ্বাস, প্রতিষ্ঠানের সহকারী শিক্ষক সিরাজুল ইসলাম, পিরোজপুর মাধ্যমিক বিদ্যালয়ের সাবেক শিক্ষক হাবিবুর রহমান, গহরপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক ফিরোজ আহমেদ, সোনাপুর প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক আব্দুল্লাহ আল মামুন, শিক্ষক সদস্য শাহিদুল ইসলাম ও অভিভাবক সদস্য আমজাদ হোসেনসহ শিক্ষক, অভিভাবক ও স্থানীয় রাজনৈতিক ব্যক্তিবর্গ।

অনুষ্ঠানে জানানো হয়, সভাপতি মিন্টু আলীসহ মোট পাঁচ সদস্য নিয়ে প্রতিষ্ঠানের গভর্নিং বডির অ্যাডহক কমিটি গঠন করা হয়েছে।
অধ্যক্ষ মোস্তফা সাঈদ কামাল বলেন, নতুন অ্যাডহক কমিটির মাধ্যমে যাদুখালী স্কুল অ্যান্ড কলেজের শিক্ষার মান ও সার্বিক কার্যক্রম আরও এগিয়ে যাবে। এ জন্য নতুন সভাপতি, কমিটির সদস্য ও অভিভাবকদের সার্বিক সহযোগিতা কামনা করেন তিনি।

অনুষ্ঠান শেষে নবনিযুক্ত সভাপতি মিন্টু আলী বিদ্যালয় প্রাঙ্গণে একটি বকুল ফুলের চারা রোপণ করেন। এ সময় তিনি প্রতিষ্ঠানের সবুজ ও সুন্দর পরিবেশ গড়ে তুলতে বৃক্ষরোপণের গুরুত্ব তুলে ধরেন।

গাংনীতে বাড়ির ছাদ থেকে পড়ে শ্রমীকের মৃত্যু

মেহেরপুরের গাংনী উপজেলার বামন্দীতে বসতবাড়ির ছাদে থাকা পানির ট্যাংকি পরিষ্কারের সময় ছাদ থেকে পড়ে মিলন (২৮) নামে এক শ্রমিকের মৃত্যু হয়েছে।

আজ শনিবার বেলা সাড়ে বারোটার দিকে গাংনী উপজেলার বামন্দী দাশ পাড়ার মামুন এর বসতবাড়ির দ্বিতীয় তলার ছাদ থেকে পড়ে এ দুর্ঘটনা

ঘটে।

গুরুতর আহতাবস্থায় ওই ব্যক্তিকে উদ্ধার করে প্রথমে বামন্দী একটি বেসরকারি ক্লিনিকে নেয়া হয়। সেখানে তার শারীরিক অবস্থার অবনতি হলে উন্নত চিকিৎসার জন্য কুষ্টিয়া নেয়ার পথে তার মৃত্যু হয়।

নিহত মিলন গাংনী উপজেলার মটমুড়া ইউনিয়নের নওদা মটমুড়া গ্রামের সচিনের পুত্র।

প্রত্যক্ষদর্শি শহিদুল জানান,আজ দুপুরের দিকে বামন্দী দাশপাড়ার মামুনের বাড়ির দ্বিতীয়তলায় পানির ট্যাংকি পরিষ্কাকারের জন্য মিলন ছাদে উঠে। আমরা তখন বাড়ির মধ্যে অবস্থান করি। এমন সময় আমার বাড়ির টিনের উপর বিকট শব্দে কি যেনো পড়ে। বাহিরে এসে দেখি মিলন মাটিতে পড়ে আছে। তখন স্থানীয়দের সহযোগিতাই আহত মিলনকে চিকিৎসার জন্য বামন্দীর একটি ক্লিনিকে নিয়ে যায়।

সেখান থেকে কুষ্টিয়ায় নেয়ার পথে মিলনের মৃত্যু হয়।

নওদা মটমুড়া সমাজ প্রধান আবু বক্কার বলেন,মিলন বাবা-মা হিন্দু ধর্ম অবলম্বি হলেও সম্প্রতি সময়ে সে ইসলাম ধর্ম গ্রহণ করে ছিলো।

তার মুসলিম নাম রাখা হয়েছিল মোঃ মোমিনুর রহমান। তাই পরিবারের কোন আপত্তি না থাকলে তার জানাজার নামাজ শেষে সামাজিক কবরস্থানে দাফন করা হবে ইনশাআল্লাহ।

ভবানিপুর পুলিশ ক্যাম্প ইনচার্জ পুলিশ উপপরিদর্শক আব্দুল করিম জানান,বাড়ির ছাদ থেকে পড়ে এক শ্রমীকের মৃত্যুর সংবাদ পেয়েছি। আমরা ঘটনাস্থলের উদ্দেশ্যে রওনা হয়েছি।

বই দেখে লেখায় বহিষ্কার ৪, দুই শিক্ষককে অব্যাহতি

মেহেরপুরের গাংনী উপজেলার কাজিপুর ডিগ্রি কলেজে উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের ডিগ্রি প্রথম বর্ষের ইংরেজি প্রথম পত্রের

পরীক্ষায় বই দেখে লেখার ঘটনায় চার পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে।

একই সঙ্গে দুই শিক্ষককে পরীক্ষা-সংক্রান্ত সব কার্যক্রম থেকে অব্যাহতি দেওয়া হয়েছে। এ ঘটনায় জড়িতদের বিরুদ্ধে বিভাগীয় ও আইনগত পদক্ষেপ গ্রহণের প্রস্তুতি চলছে।

শনিবার (২৯ আগস্ট) দুপুরে শিক্ষা মন্ত্রণালয়ের জনসংযোগ বিভাগ থেকে পাঠানো এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়।

সম্প্রতি সামাজিক যোগাযোগমাধ্যম ও বিভিন্ন গণমাধ্যমে ছড়িয়ে পড়া ভিডিওতে কাজিপুর ডিগ্রি কলেজের পরীক্ষা কেন্দ্রে পরীক্ষার্থীদের বই দেখে পরীক্ষা দিতে দেখা যায়। বিষয়টি নিয়ে আলোচনা-সমালোচনা শুরু হলে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নজরে আসে ঘটনাটি।

এদিকে, পরীক্ষার হলে বই দেখে পরীক্ষা দেওয়ার ঘটনার ভিডিও ধারণ করতে গিয়ে দুই সাংবাদিক হামলা ও মারধরের শিকার হয়েছেন বলে অভিযোগ উঠেছে। তাঁদের মোবাইল ফোন ছিনিয়ে নেওয়ারও অভিযোগ রয়েছে।

হামলার শিকার সাংবাদিকদের একজন বাংলাদেশ বেতার ও নাগরিক টেলিভিশনের মেহেরপুর জেলা প্রতিনিধি রাব্বি আহমেদ। তিনি এ ঘটনায় শুক্রবার গাংনী থানায় মামলা করেছেন।

মামলায় রফিকুজ্জামান ও মনিরুজ্জামান বিপ্লবসহ অজ্ঞাতপরিচয় আরও ১০ জনকে আসামি করা হয়েছে।

চুয়াডাঙ্গায় আন্তঃজেলা বাস-মিনিবাস পরিবহন মালিক সমিতির ধর্মঘট

চুয়াডাঙ্গায় আন্তঃজেলা বাস-মিনিবাস পরিবহন মালিক সমিতির ধর্মঘট চলছে। শনিবার সকাল থেকেই চুয়াডাঙ্গা-মেহেরপুর, চুয়াডাঙ্গা-

জীবননগর-হাসাদহ, চুয়াডাঙ্গা-ঝিনাইদহ, চুয়াডাঙ্গা-কুষ্টিয়া ও চুয়াডাঙ্গা-হাটবোয়ালিয়া রুটের সব বাস চলাচল বন্ধ রয়েছে।

শুক্রবার (২৮ আগস্ট) সন্ধ্যায় এ বিষয়ে আনুষ্ঠানিকভাবে ঘোষণা দেন চুয়াডাঙ্গা আন্তঃজেলা বাস-মিনিবাস মালিক গ্রুপের সাধারণ সম্পাদক হাজী আবুল কালাম আজাদ।

স্থানীয় ও পরিবহন সূত্রে জানা যায়, গত বৃহস্পতিবার (২৭ আগস্ট) চুয়াডাঙ্গা সদর উপজেলার আলুকদিয়া ইউনিয়নের দৌলতদিয়াড় এলাকায় ব্যাটারিচালিত একটি ইজিবাইকচালক নিয়মবহির্ভূতভাবে শহরে প্রবেশের চেষ্টা করেন। এ সময় সেখানে দায়িত্বে থাকা পুলিশ ও বাস শ্রমিক ইউনিয়নের প্রতিনিধিরা তাকে বাধা দিয়ে ফিরিয়ে দেন।

এ ঘটনার জেরে ওই ইজিবাইকচালক তাঁর সহযোগীদের নিয়ে আলুকদিয়া এলাকায় সংগঠিত হয়ে চুয়াডাঙ্গা-মেহেরপুর আঞ্চলিক মহাসড়কে চলাচলকারী একটি বাস আটকে দেন।

অভিযোগ রয়েছে, এ সময় তারা বাসের চালক ও সুপারভাইজারকে শারীরিকভাবে লাঞ্ছিত করার পাশাপাশি বাসে হামলা চালান এবং তাঁদের জিম্মি করে রাখেন। খবর পেয়ে চুয়াডাঙ্গা সদর থানা পুলিশের একটি দল ঘটনাস্থলে পৌঁছে জিম্মি থাকা বাসের চালক ও সুপারভাইজারকে উদ্ধার করে।

ঘটনার প্রতিবাদ ও জড়িতদের শাস্তির দাবিতে চুয়াডাঙ্গা-আলমডাঙ্গা বাস-মিনিবাস শ্রমিক ইউনিয়নের নেতারা ও সাধারণ শ্রমিকরা দৌলতদিয়াড় এলাকায় সড়কের ওপর আড়াআড়িভাবে বাস রেখে অবরোধ করেন। পরে চুয়াডাঙ্গার পুলিশ সুপারের মধ্যস্থতায় এবং প্রশাসনের পক্ষ থেকে ন্যায্য বিচারের আশ্বাসে সড়ক অবরোধ তুলে নেওয়া হয়। তবে শ্রমিকদের মধ্যে থাকা ক্ষোভ ও অসন্তোষ কমেনি।

নিরাপত্তা নিশ্চিত করা এবং হামলায় জড়িতদের গ্রেপ্তারের দাবিতে গতকাল শুক্রবার (২৮ আগস্ট) দিনভর চুয়াডাঙ্গা-মেহেরপুর, চুয়াডাঙ্গা-হাটবোয়ালিয়াসহ জেলার অভ্যন্তরীণ সব রুটে বাস চলাচল সম্পূর্ণ বন্ধ ছিল। আজ শনিবার থেকে চুয়াডাঙ্গা-মেহেরপুর, চুয়াডাঙ্গা-জীবননগর-হাসাদহ, চুয়াডাঙ্গা-ঝিনাইদহ, চুয়াডাঙ্গা- কুষ্টিয়া ও চুয়াডাঙ্গা-হাটবোয়ালিয়া রুটের সব বাস চলাচল বন্ধ রাখার সিদ্ধান্ত ঘোষণা করা হয়েছে।

হঠাৎ করে জেলার সব রুটে বাস চলাচল বন্ধ হয়ে যাওয়ায় সবচেয়ে বেশি

বিপাকে পড়েছেন সাধারণ যাত্রীরা। প্রতিদিনের প্রয়োজনীয় কাজে কিংবা নির্ধারিত গন্তব্যে যাওয়ার জন্য বাসের ওপর নির্ভরশীল মানুষগুলোকে পড়তে হয়েছে চরম বিড়ম্বনায়।

বাস না পেয়ে অনেকেই টার্মিনালে অপেক্ষা করেছেন। আবার অনেকে বাধ্য হয়ে বিকল্প যানবাহনে গন্তব্যে যাওয়ার চেষ্টা করেছেন এবং গুনছেন বাড়তি ভাড়া।

স্থানীয় বাসযাত্রীরা বলেন, হঠাৎ বাস চলাচল বন্ধ হয়ে যাওয়ায় তারা চরম ভোগান্তিতে পড়েছেন। প্রয়োজনীয় কাজে গন্তব্যে যাওয়ার জন্য বাসের অপেক্ষায় এসে এখন বিকল্প যানবাহনের ওপর নির্ভর করতে হচ্ছে। এতে অতিরিক্ত ভাড়া গুনতে হচ্ছে এবং সময়ও বেশি লাগছে।

এদিকে মালিক ও শ্রমিক ইউনিয়নের নেতারা জানিয়েছেন, শ্রমিকদের ওপর হামলার সুষ্ঠু বিচার এবং সড়কে ইজিবাইকের অবৈধ চলাচল বন্ধে প্রশাসন দৃশ্যমান পদক্ষেপ না নেওয়া পর্যন্ত চুয়াডাঙ্গা থেকে কোনো রুটে বাস চলাচল করবে না। অন্যদিকে এলাকায় যেকোনো ধরনের অপ্রীতিকর পরিস্থিতি এড়াতে অতিরিক্ত পুলিশ মোতায়েন করা হয়েছে।

তবে আন্তঃজেলা পরিবহন ধর্মঘট চললেও দূরপাল্লার পরিবহনগুলো সময়মতো যাতায়াত করছে।

চুয়াডাঙ্গা সদর থানার নবাগত অফিসার ইনচার্জ (ওসি) মারুফ রহমান বলেন, “এই বিষয়ে আমরা কাজ করছি এবং চুয়াডাঙ্গা জেলা প্রশাসনের ঊর্ধ্বতন কর্মকর্তাদের সঙ্গে বিষয়টি নিয়ে আমরা বসেছি।”

মেহেরপুরে নিগমানন্দ পরমহংসদেবের ১৪৭তম জন্মোৎসব শুরু

মেহেরপুর সদর উপজেলার কুতুবপুরে সনাতন ধর্মগুরু শ্রীশ্রী স্বামী নিগমানন্দ সরস্বতী পরমহংসদেবের ১৪৭তম বার্ষিক সার্বভৌম জন্মোৎসব শুরু হয়েছে।

পবিত্র ঝুলন পূর্ণিমা তিথিতে ঠাকুরের শুভ জন্মতিথি উপলক্ষে কুতুবপুরস্থ শ্রীশ্রী গুরুধামে (ঠাকুরের জন্মভিটা) তিন দিনব্যাপী এ বর্ণাঢ্য উৎসবের আয়োজন করা হয়েছে।

শুক্রবার (২৮ আগস্ট) সন্ধ্যায় মঙ্গল আরতি, শঙ্খধ্বনি ও উলুধ্বনির মধ্য দিয়ে উৎসবের আনুষ্ঠানিক সূচনা হয়। রাতে অনুষ্ঠিত হয় শ্রীশ্রী ঠাকুরের বিশেষ অধিবাস কীর্তন।

শনিবার (২৯ আগস্ট) সকাল থেকে বাংলাদেশ ও ভারতের বিভিন্ন জেলা থেকে আসা হাজার হাজার ধর্মপ্রাণ নারী-পুরুষ ও ভক্ত-অনুরাগীদের পদচারণায় ভৈরব নদীর তীরের ঐতিহাসিক কুতুবপুর আশ্রম প্রাঙ্গণ মুখরিত হয়ে ওঠে। অনেক ভক্ত পরিবারের সদস্য ও শিশুদের সঙ্গে নিয়ে এ উৎসবে যোগ দিয়েছেন।

নিগমানন্দ পরমহংসদেবের ভক্ত-অনুরাগী ছড়িয়ে রয়েছে ভারত, নেপাল, ভুটান, মিয়ানমার, শ্রীলঙ্কা, অস্ট্রেলিয়া, আমেরিকাসহ বিশ্বের বিভিন্ন দেশে। প্রতি বছরের মতো এবারও দেশের বিভিন্ন প্রান্ত থেকে বিপুলসংখ্যক ভক্ত জন্মোৎসবে অংশ নিতে কুতুবপুরে সমবেত হয়েছেন।

উৎসবের প্রধান কর্মসূচির মধ্যে রয়েছে মঙ্গল আরতি ও ঊষা কীর্তন, গুরুপূজা ও বিশেষ প্রার্থনা, ধর্মীয় আলোচনা সভা এবং মহাপ্রসাদ বিতরণ।

আয়োজক কমিটি ও স্থানীয় ভক্তরা জানান, নিগমানন্দ পরমহংসদেবের জন্মোৎসবকে কেন্দ্র করে প্রতিবছরই কুতুবপুর ধাম একটি মিলনমেলায় পরিণত হয়। দূর-দূরান্ত থেকে আগত ভক্তদের থাকা-খাওয়ার ব্যবস্থা, নিরাপত্তা ও শৃঙ্খলা বজায় রাখতে স্থানীয় প্রশাসন ও স্বেচ্ছাসেবকরা নিরলসভাবে কাজ করে যাচ্ছেন।

আগামী ৩০ আগস্ট মহাসমারোহে তিন দিনব্যাপী এ সার্বভৌম জন্মোৎসবের সমাপ্তি হবে।

মুজিবনগর সামাজিক উন্নয়ন সংস্থার উদ্যোগে শিক্ষা উপকরণ বিতরণ

মেহেরপুরে মুজিবনগর সামাজিক উন্নয়ন সংস্থার উদ্যোগে মেধাবী ও দরিদ্র শিক্ষার্থীদের মাঝে শিক্ষা উপকরণ বিতরণ করা হয়েছে। শুক্রবার (২৮ আগস্ট) মেহেরপুর সদর উপজেলার আমদহ ইউনিয়নের বামনপাড়া গ্রামে এ শিক্ষা উপকরণ বিতরণ করা হয়।

এ সময় এলাকার মেধাবী ও দরিদ্র শিক্ষার্থীদের পড়াশোনায় সহায়তার লক্ষ্যে তাদের হাতে বই, খাতা, কলম, জ্যামিতি বক্সসহ বিভিন্ন শিক্ষা উপকরণ তুলে দেওয়া হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথি ও বক্তা হিসেবে উপস্থিত ছিলেন মো. রাজু হোসেন, সাধারণ সম্পাদক, মুজিবনগর সামাজিক উন্নয়ন সংস্থা, মেহেরপুর।

বক্তব্যে তিনি বলেন, “শিক্ষা ছাড়া কোনো সমাজকে এগিয়ে নেওয়া সম্ভব নয়। দরিদ্র পরিবারের মেধাবী শিক্ষার্থীদের পাশে দাঁড়াতে মুজিবনগর সামাজিক উন্নয়ন সংস্থা নিয়মিত কাজ করে যাচ্ছে। আগামী দিনেও এ ধরনের জনকল্যাণমূলক কার্যক্রম অব্যাহত থাকবে।”
বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মো. জাহারুল ইসলাম, বিশিষ্ট সমাজসেবক ও সদস্য, মুজিবনগর সামাজিক উন্নয়ন সংস্থা, মেহেরপুর।

এছাড়া উপস্থিত ছিলেন সংস্থার নির্বাহী সদস্য কুলসুম খাতুন, সদস্য শেখ জাকিয়াসহ সংস্থার অন্যান্য সদস্যবৃন্দ।

মেহেরপুর প্রতিদিনের সাবেক

সম্পাদক পলেনের মা আর নেই

মেহেরপুর প্রতিদিনের সাবেক সম্পাদক এবং বাংলাদেশ প্রতিদিন ও গ্লোবাল টিভির মেহেরপুর প্রতিনিধি মাহবুবুল হক পলেনের মা আর নেই।

শুক্রবার (২৮ আগস্ট) সকাল সাড়ে ১০টার দিকে মেহেরপুর ২৫০ শয্যা জেনারেল হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় তিনি ইন্তেকাল করেন। ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন।

মরহুমার জানাজার নামাজের সময় ও স্থান পরবর্তীতে জানিয়ে দেওয়া হবে বলে পরিবারের পক্ষ থেকে জানানো হয়েছে।